



# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ

## Jalalabad Gas Transmission and Distribution System Ltd.

পেট্রোবাংলার একটি কোম্পানী (A Company of Petrobangla)

সূত্র নং ২৮.১৬.৯১০০.০৭৭.০১.০০১.১৬/৩০৬৫

তারিখ : ১৬ অক্টোবর, ২০১৬

### দপ্তর আদেশ


পেট্রোবাংলার গত ০৭-০৬-২০১৬ তারিখের ২৮.০২.০০০০.০৭২.০১.১২১.১২/৪০৮ সংখ্যক পত্রের মাধ্যমে প্রেরিত ইনোভেশন সংক্রান্ত পেট্রোবাংলার বার্ষিক কর্মপরিকল্পনা-২০১৬ অনুযায়ী পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানীর সেবাসমূহ অধিকতর জনবাহ্যিক করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে আইডিয়া বক্স চালুকরণ ও প্রতি মাসের ইনোভেশন টিমের সভায় আইডিয়া বক্স ও অনলাইনে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই-বাছাই করে তা কোম্পানীতে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, ইনোভেশন সংক্রান্ত পেট্রোবাংলার বার্ষিক কর্মপরিকল্পনা-২০১৬-এর আলোকে অত্র কোম্পানীতে আইডিয়া বক্স চালুকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রতিমাসে প্রাপ্ত আইডিয়াসমূহ প্রাথমিকভাবে যাচাই-বাছাই করে বাস্তবায়নের নিমিত্ত তা প্রস্তাব আকারে কোম্পানীর ইনোভেশন টিম বরাবর দাখিলের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো :

- |     |   |               |
|-----|---|---------------|
| ০১। | জনাব শোয়েব আহমদ মতিন<br>ইনচার্জ(কন্ট্রোলকরণ ডিভিশন)              | -- আহবায়ক    |
| ০২। | জনাবা কৃষ্ণা রানী পাল<br>ব্যবস্থাপক(প্রশিক্ষণ শাখা)               | -- সদস্য      |
| ০৩। | জনাব মোঃ সারোয়ার জাহান মাহমুদ<br>ব্যবস্থাপক (বাঙ্ক কনজুমার শাখা) | -- সদস্য      |
| ০৪। | জনাব মোঃ মাসুদ জামান<br>উপ-ব্যবস্থাপক(আইটি শাখা)                  | -- সদস্য সচিব |

কমিটি নিয়মিতভাবে এতদসংক্রান্ত কার্যক্রম সম্পাদনপূর্বক প্রতিবেদন কোম্পানীর ইনোভেশন টিম বরাবর দাখিল করবে।

স্বাক্ষর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
( আমিনুল ইসলাম )  
মহাব্যবস্থাপক(প্রশাসন)

### বিতরণ :

০১। কমিটির আহবায়ক ও সদস্যবৃন্দ.....জালালাবাদ গ্যাস,সিলেট।

### অনুলিপি :

- ০১। সহঃ ব্যবস্থাপকের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস, সিলেট।
- ০২। মহাব্যবস্থাপক(বিপণন উত্তর) ও ইনোভেশন অফিসার, জালালাবাদ গ্যাস, সিলেট।
- ০৩। ইনচার্জ(পরিকল্পনা/অপারেশন ডিভিশন), জালালাবাদ গ্যাস,সিলেট।
- ০৪। দপ্তর নথি।